# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

## ২০২২-২৩ অর্থ বছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

**সভাপতি** : ড. তৌফিক হাসান
**সভার তারিখ** : ১৩ অক্টোবর ২০২২
**সময়** : সকাল ১০.০০ ঘটিকা
**সভার স্থান** : রুম নং-১২৪৬, পিকেএসএফ ভবন
**সভায় উপস্থিত সদস্যদের তালিকা:** পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের পিকেএসএফ এর ইনোভেশন কর্মকান্ডের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করা হয়:

| ক্রম. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের জন্য সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক আলোচনা | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের জন্য পিকেএসএফ-এর কোন সেবাটিকে সেবা সহজিকরণে আওতায় অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে কমিটির সকলে পিপিইপিপি প্রকল্পের আওতায় লাইভলিহুড ম্যাপিং কার্যক্রমকে ২০২২-২৩ অর্থবছরের জন্য সেবা সহজিকরণের আওতায় অন্তর্ভুক্ত করা যায় বলে একমত পোষণ করেন। |
| ২ | ই নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ক আলোচনা | উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২২-২৩ অনুযায়ী ই-ফাইলে নোট নিস্পত্তির ক্ষেত্রে পিকেএসএফ-এর সমৃদ্ধি কর্মসূচির আওতায় যে সকল ফাইল ই-ফাইলের মাধ্যমে নিস্পত্তি হয় সেগুলোর সংখ্যা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রেরণের জন্য কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। |
| ৩ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা প্রণীত বিষয়ক আলোচনা | বিগত ১৮ অক্টোবর ২০২২ তারিখের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ন্যূনতম তিনটি কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুত করে ১৯ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪ মহোদয়ের সভাপতিত্বে ইনোভেশন কমিটির সকল সদস্যের অংশগ্রহণে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় এসইপি প্রকল্পের ‘জিআইএস-ভিত্তিক ডিজিটাল ট্রেসেবিলিটি প্লাটফর্ম’; বিডি রুরাল ওয়াশ প্রকল্পের ‘জিপিএস বেজড মনিটরিং অ্যাপ্লিকেশন’; ও সমৃদ্ধি কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন ডিজিটাল স্বাস্থ্যসেবা কার্যক্রমকে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় পিকেএসএফ-এর উদ্যোগ হিসেবে বিবেচনার জন্য কমিটির সকলে প্রস্তাব করেন। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে ইনোভেশনের সদস্য সচিব উক্ত উদ্যোগগুলো সম্পর্কে সংশ্লিষ্ট প্রকল্পের সহায়তায় সংক্ষিপ্ত রাইট আপ তৈরি করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করেন। |
| ৪ | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত | সভায় দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের যাবতীয় কাজ সম্পাদনের জন্য জনাব আবুল কালাম আজাদ, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও জনাব মোঃ তারিকুল আলম সহকারী মহাব্যবস্থাপক (আই এন্ড টি) কে দায়িত্ব প্রদান করা হয়। |

**পিকেএসএফ ভবন,** ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯; ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮; ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/22

**(ড. তৌফিক হাসান)**
ইনোভেশন অফিসার ও
উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)

**অনুলিপি:**

১. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
২. পিএ টু ডিএমডি-৪
৩. সংশ্লিষ্ট নথি।

পরিশিষ্ট: ক

## পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ড. তৌফিক হাসান | উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) | |
| ২ | জনাব মোঃ হুমায়ূন কবির | উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) | |
| ৩ | জনাব আবুল কালাম আজাদ | সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) | |
| ৪ | জনাব মোঃ তারিকুল আলম | সহকারী মহাব্যবস্থাপক (আইএন্ডটি) | |
| ৫ | জনাব কামরুন্নাহার | ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) | |
| ৬ | জনাব মোঃ নাজমুল হাসান | উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি) | |